সহ. প্রোগ্রাম
Refiaul
৩১/০৫/১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.০৭০.১৭-১৯১ তারিখঃ ৩০ মে, ২০১৮

## নিয়োগপত্র

নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এ বর্ণিত বিধি এবং ১৯-০৪-২০১৬ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সভায় গৃহীত সুপারিশ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে অফিস সহায়ক পদে চুড়ান্তভাবে নির্বাচিত নিম্নোক্ত ছকে বর্ণিত প্রার্থীকে নিম্ন শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৮,২৫০-২০,০১০ টাকা স্কেলে (২০তম গ্রেড) ও গ্রাহ্য ভাতাদিসহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ পূর্বক ৬নং কলামে উল্লেখিত কর্মস্থলে পদায়ন করা হলোঃ

| মেধাক্রম | রোল | প্রার্থীর নাম ও পিতার নাম | নিজ জেলা | কোটা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪০ | ১১৭৪ | রক্তিম বড়ুয়া<br>পিতা-দীপংকর বড়ুয়া | চট্টগ্রাম | মুক্তিযোদ্ধা | থানা নির্বাচন অফিস<br>পাঁচলাইশ, চট্টগ্রাম। | |

শর্তাবলীঃ

১. এই নিয়োগ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১১.৪৮১১.২০১৬/৩২৪ তারিখঃ ০৮.০৪.১৮ এর প্রেক্ষিতে প্রদানকৃত সাময়িক প্রত্যয়নের ভিত্তিতে প্রদান করা হলো। চূড়ান্ত বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা বিষয়ে বিরূপ মন্তব্য পাওয়া গেলে এই নিয়োগ বাতিল হবে এবং গৃহীত সমুদয় বেতন-ভাতাদি সরকারি কোষাগারে ফেরত দিতে হবে। যোগদানের সময় তাকে এ বিষয়ে সংযুক্ত নমুনা অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ০১টি অংগীকারনামা প্রদান করতে হবে;

২. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী হিসেবে গণ্য হবে;

৩. যোগদানের তারিখ হতে তাঁকে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে থাকতে হবে। শিক্ষানবিসকালের এ মেয়াদ প্রয়োজনবোধে আরও ০১ (এক) বৎসর বর্ধিত করা যাবে;

৪. শিক্ষানবিসকালে তাঁর চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ১৪ দিনের মূল বেতন প্রদান করে চাকরিচ্যুত করা যাবে। এছাড়া, তিনি যদি স্বেচ্ছায় চাকরি হতে অব্যাহতি পেতে চান তবে ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানসহ প্রশাসনিক অনুমোদনের মাধ্যমে অব্যাহতি নিতে পারবেন;

৫. তিনি যদি বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হন তাহলে তাঁর এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৬. তাঁর চরিত্র ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন (Verification) সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৭. শারীরিক যোগ্যতার সমর্থনে সিভিল সার্জন প্রদত্ত সনদপত্র যোগদানের সময় অবশ্যই দাখিল করতে হবে। প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি চাকরি প্রতিপালনে প্রতিবন্ধক হিসেবে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হলে এই নিয়োগ আদেশ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

৮. প্রার্থীর নিজ জেলা, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র যাচাইয়ান্তে কোন ধরণের ভুল বা জালিয়াতি পরিলক্ষিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যাতিরেকে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৯. এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়সমূহ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

১০. নিয়োগকারী কর্তৃপক্ষের অনিচ্ছাকৃত নিয়োগ সংক্রান্ত কোন ত্রুটি বা বিচ্যুতি ধরা পড়লে তা সংশোধন করা যাবে;

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

পূর্ববর্তী পৃষ্ঠা হতেঃ

১১. তাঁর এই নিয়োগ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের তারিখ হতে কার্যকর হবে; এই নিয়োগ নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের যে কোন কার্যালয়ে বদলিযোগ্য হিসেবে স্বীকৃত;

১২. কাজে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডি,এ বা অন্য কোন ভাতা প্রদান করা হবে না।

১৩. উল্লিখিত শর্তাবলী প্রার্থী কর্তৃক গৃহীত হলে শারীরিক ও মানসিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জনের নিকট হতে সংগৃহীত স্বাস্থ্যগত সার্টিফিকেটসহ আগামী ২১ জুন, ২০১৮ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদানপত্র দাখিল করবেন। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বা:-

(মোঃ সাবেদ উর রহমান)
উপসচিব(জঃব্যঃ) (চঃদাঃ)
ফোন-৫৫০০৭৫৩০

প্রাপকঃ জনাব রক্তিম বড়ুয়া
পিতা-দীপংকর বড়ুয়া
গ্রামঃ শ্রীপুর, ডাকঘরঃ খরন্দ্বীপ
উপজেলাঃ বোয়ালখালী, জেলাঃ চট্টগ্রাম।

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.০৭০.১৭-১৯১ তারিখঃ ৩০ মে, ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব ......................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা.............................................(সংশ্লিষ্ট)।
৭. উপসচিব, ......................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব, ......................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৯. জেলা নির্বাচন কর্মকর্তা................................................(সংশ্লিষ্ট)।
১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন(৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১১. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা...........................................(সংশ্লিষ্ট)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সহকারী সচিব.......................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৪. উপজেলা নির্বাচন অফিসার, .............................. (সংশ্লিষ্ট) [নিয়োগকৃত প্রার্থী যোগদানের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংযুক্ত নমুনায় অংগীকারনামা মূলকপি, যোগদানপত্র ও অন্যান্য কাগজপত্র নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণের অনুরোধসহ]।
১৫. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট)।

৩০/৫/২০১৮

(নুর নাহার ইসলাম)
সহকারী সচিব(জঃব্যঃ-২)